

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৯৯

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তির উপর হজ ফর্য হওয়ার পর এক বছর থেকে আরেক বছর বিলম্ব করা জায়েয

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُؤَخِّرَ أَدَاءَ الْحَجّ إِذَا فُرِضَ عَلَيْهِ عَنْ سَنَتِهِ تِلْكَ إِلَى سنة أخرى

আরবী

9699 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنْصُورِ الرَّمَادِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عن الزهري عَنِ ابْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ فَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عن الزهري عَنِ ابْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ فَالَ: فَي الله عليه فِي قَوْلِهِ: {بَرَاءَةٌ مِنَ اللّهِ وَرَسُولِهِ} [التوبة: 1] قَالَ: لَمَّا قَفَلَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم مِنْ حُنَيْنِ اعْتَمَرَ مِنَ الْجُعَرانَةِ ثُمَّ أُمَّر أَبا بكر على تلك الحجة.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3699 ا خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩৬৯৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি আল্লাহর এই বাণী সম্পর্কে বলেন, "এই সম্পর্কচ্ছেদ আল্লাহ ও তাঁর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর পক্ষ থেকে" তিনি বলেন, "যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুনাইন যুদ্ধ থেকে ফিরে আসেন, তখন তিনি জি'রানাহ থেকে উমরাহ করেন। তারপর তিনি সেই হজ্জে আবৃ বকর রাদ্বিয়াল্লাহু আনহুকে আমীর নিযুক্ত করেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩০৭৮; তাফসীরে ইবনু কাসীর: ২/৩৪৫-৩৪৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৬৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন